তারিখ 14 OCT 2008

দৈনিক
ইত্তেফাক

# ভিকারুননিসা নূন স্কুলের সোয়া আট কোটি
# াকা চুরি ফেরত দিতে ইকবালসহ
# জনের প্রতি কোর্টের নির্দেশ

॥ কোর্ট রিপোর্টার ॥

ভিকারুননিসা নূন স্কুলের দায়েরকৃত অর্থ আদায়ের মামলায় সাবেক এমপি ও ওই স্কু
রিচালনা পরিষদের সভাপতি ডাঃ এইচ বি এম ইকবাল ও সাবেক অধ্যক্ষা হামিদা আলীসহ
নের বিরুদ্ধে ৮ কোটি ৯ লাখ ৪৪ হাজার টাকা প্রদানের জন্য রায় দেয়া হয়েছে। গতক
ামবার এ রায় প্রদান করেন যুগ্ম জেলা জজ ফওজুল আজিম। আদালত বিবাদি ৮ জনকে
ক্টোবরের মধ্যে ভিকারুননিসা নূন স্কুলকে সমুদয় টাকা দেয়ার নির্দেশ প্রদান করেন।

মামলার বিবরণে প্রকাশ, ১৯৯৮ সালের ২৯ সেপ্টেম্বর শিক্ষা বোর্ডের কোন অনুমতি ছাড়
লের তৎকালীন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ডাঃ এইচ বি এম ইকবাল ও অধ্যক্ষা হামি
লীসহ ৮ জন বেআইনীভাবে একটি সভা করে। এ সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আসামি
কারুননিসা নূন স্কুলের ৮ কোটি ৯ লাখ ৪৪ হাজার টাকা নিজেদের মধ্যে ভাগাভাগি করে নে
ব্যাপারে ভিকারুননিসা নূন স্কুলের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ঢাকা জেলা জজ আদালতে মামলা ক
রেন। পরে মামলাটি বিচারের জন্য উপরোক্ত আদালতে স্থানান্তরিত হয়। আদালত বাদি
বাদিদের সাক্ষ্য গ্রহণ ও যুক্তিতর্ক গ্রহণ শেষে উক্ত রায় প্রদান করেন।